# জেলা সার ও বীজ মনিটরিং কমিটি'র সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সালেহীন তানভীর গাজী<br>জেলা প্রশাসক<br>জয়পুরহাট। |
| সভার স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ। |
| তারিখ | : | ২৬/০৭/২০২৩ খ্রি.। |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। |

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচ্য বিষয়ের উপর আলোচনা শুরু করার জন্য কমিটি'র সদস্য সচিব ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট-কে অনুরোধ জানান। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জয়পুরহাট গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিষয় ভিত্তিক আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th></tr>
<tr><td>০১</td><td>বিভিন্ন প্রকার রাসায়নিক সারের বরাদ্দ, উত্তোলন, বিক্রয় ও মজুত পরিস্থিতি বিষয়ে আলোচনা।</td><td>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট জানান যে, সারের মজুত পরিস্থিতি স্বাভাবিক এবং উপজেলা ভিত্তিক ইউরিয়া ও নন-ইউরিয়া সারের সর্বশেষ মজুত পরিস্থিতি নিম্নরুপ:
<table>
<tr><th colspan="5">(২৫ জুলাই, ২০২৩ তারিখ পর্যন্ত মজুত পরিস্থিতি) (মে. টনে)</th></tr>
<tr><th>উপজেলার নাম</th><th>ইউরিয়া</th><th>টিএসপি</th><th>ডিএপি</th><th>এমওপি</th></tr>
<tr><td>জয়পুরহাট সদর</td><td>৬০০.০৫</td><td>৪২৯.৪০</td><td>৫৭৭.৬০</td><td>৩০৬.৩০</td></tr>
<tr><td>পাঁচবিবি</td><td>৫৪৫.১৫</td><td>১১৯.৮০</td><td>২৪০.৭০</td><td>১০২.৩৫</td></tr>
<tr><td>আক্কেলপুর</td><td>৩৭৭.৮০</td><td>১৮৭.৩৫</td><td>২৯৮.০৫</td><td>১৯৩.১০</td></tr>
<tr><td>ক্ষেতলাল</td><td>৩৪০</td><td>১৩৮</td><td>৩২১</td><td>১৬১</td></tr>
<tr><td>কালাই</td><td>৮২৪.৯৫</td><td>৩৩০.৫৫</td><td>৪৫৬.২০</td><td>৫০৪.২০</td></tr>
<tr><td>মোট</td><td>২৬৮৭.৯৫</td><td>১২০৫.১</td><td>১৮৯৩.৫৫</td><td>১২৬৬.৯৫</td></tr>
</table>
পূর্ব মাসের বরাদ্দকৃত ইউরিয়া ও নন-ইউরিয়া সারসহ বরাদ্দকৃত সমুদয় সার অতিসত্ত্বর উত্তোলনপূর্বক সারের মজুত বৃদ্ধি এবং সেই সাথে মাসের বরাদ্দের সার সংশ্লিষ্ট মাসেই উত্তোলনের জন্য তিনি অনুরোধ করেন।</td></tr>
<tr><td>০২</td><td>আগষ্ট-২০২৩ মাসের ইউরিয়া ও নন-ইউরিয়া সারের বরাদ্দ বিষয়ে আলোচনা।</td><td>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জয়পুরহাট জানান যে, আগষ্ট-২০২৩ মাসের ইউরিয়া ও নন-ইউরিয়া সারের বরাদ্দ পাওয়া গেছে। তিনি বরাদ্দপত্র সভায় উপস্থাপন করেন এবং উপজেলার চাহিদা ও ফসলের নিবিড়তা অনুযায়ী নিম্নোক্তভাবে বরাদ্দ প্রদানের প্রস্তাব করেন।
<table>
<tr><th colspan="5">(আগষ্ট- ২০২৩ মাসের অনুমোদিত বরাদ্দ) (মে. টনে)</th></tr>
<tr><th>উপজেলারনাম</th><th>ইউরিয়া</th><th>টিএসপি</th><th>ডিএপি</th><th>এমওপি</th></tr>
<tr><td>জয়পুরহাট সদর</td><td>১৬১৮</td><td>১৭৮</td><td>৫১৭</td><td>২৬৭</td></tr>
<tr><td>পাঁচবিবি</td><td>১৬৪৩</td><td>১৬৬</td><td>৭০৯</td><td>৪৮০</td></tr>
<tr><td>আক্কেলপুর</td><td>৬৮৩</td><td>১২০</td><td>৬৬৭</td><td>৩৩৫</td></tr>
<tr><td>ক্ষেতলাল</td><td>৭৮০</td><td>৬০</td><td>২৯৩</td><td>২২১</td></tr>
<tr><td>কালাই</td><td>৭৭৬</td><td>৭৬</td><td>৩১৪</td><td>২৫২</td></tr>
<tr><td>মোট</td><td>৫৫০০</td><td>৬০০</td><td>২৫০০</td><td>১৫৫৫</td></tr>
</table></td></tr>
<tr><td>০৩</td><td>আগষ্ট-২০২৩ মাসের ইউরিয়া, নন-ইউরিয়া সার উত্তোলন বিষয়ে আলোচনা।</td><td>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জয়পুরহাট জানান যে, আগষ্ট-২০২৩ মাসে ডিলারদের অনুকূলে বরাদ্দকৃত ইউরিয়া ও নন-ইউরিয়া সার সঠিক সময়ে উত্তোলনপূর্বক লালসালু কাপড়ে অথবা ডিজিটাল ব্যানারে মূল্য তালিকা প্রদর্শন করে কৃষক পর্যায়ে সার বিতরণ করতে হবে। সার বিক্রয়ের সময় আবশ্যিকভাবে বিক্রয় রশিদ দিতে হবে। তিনি আরও জানান যে, নীতিমালা অনুযায়ী সার উত্তোলন ও বিতরণ করতে কোন ডিলার ব্যর্থ হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি নিয়মিত সভা করে সভার রেজুলেশন জেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে প্রেরণসহ সার মনিটরিং জোরদার করা প্রয়োজন।</td></tr>
<tr><td>০৪</td><td>খরিফ-২/২০২৩-২৪ মৌসুমে বিএডিসির বীজ বিষয়ে আলোচনা।</td><td>সিনিয়র সহকারী পরিচালক, বিএডিসি, জয়পুরহাট জানান যে, খরিফ-২/২০২৩-২৪ মৌসুমে কিছু জাতের আমন ধান বীজ অবিক্রিত রয়েছে। তিনি আরও জানান যে, চলতি খরিফ-২ মৌসুমে আমন ধান বীজ ডিলারগণ জয়পুরহাট বিএডিসি'র গোডাউন হতে উত্তোলন না করে বগুড়া গোডাউন হতে উত্তোলন করেছেন। বিএডিসি ডিলারগণকে বীজ উত্তোলনের আগমনী বার্তা সংশ্লিষ্ট দপ্তরে প্রদান করার জন্য বিএডিসি (বীবি) অফিস, জয়পুরহাট কে পদক্ষেপ নেওয়ার বিষয়ে আলোচনা করা হয়। বীজের ভেজাল নিয়ন্ত্রণে জেলা বীজ প্রত্যয়ন অফিসার, জয়পুরহাট ও সিনিয়র সহকারী পরিচালক (বী.বি.), বিএডিসি'র</td></tr>
</table>

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা |
|---|---|---|
| | | উদ্যোগে নিয়মিত বীজের দোকান পরিদর্শন এবং বীজ পরীক্ষার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। বীজ ডিলারের বাহিরে কেউ বীজ বিক্রয় করলে মোবাইল কোর্টের আওতায় এনে আইনানুগ ব্যবস্থা নেয়ার বিষয়ে আলোচনা করা হয়। |
| ০৫ | সার, বীজ ও বালাইনাশক ভেজাল প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনা জোরদারকরণ বিষয়ে আলোচনা। | এ বিষয়ে বিগত সভার সিদ্ধান্তের আলোকে অত্যাবশকীয় কৃষি উপকরণে (সার, বীজ ও বালাইনাশক) ভেজাল, মেয়াদোত্তীর্ণ ও নকল প্রতিরোধে এবং সরকার নির্ধারিত মূল্যে সার বিতরণ নিশ্চিতকরণের নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসারগণের সমন্বয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার জন্য আলোচনা করা হয়। |
| ০৬ | জয়পুরহাট বাফার গুদামে ইউরিয়া সারের মজুত বিষয়ে আলোচনা। | বাফার ইনর্চাজ, জয়পুরহাট জানান যে, জয়পুরহাট বাফার গুদামে ইউরিয়া সারের মজুত স্বাভাবিক। তিনি আরো জানান যে, চলতি মৌসুমে সারের সরবরাহে কোন সমস্যা হবে না। |
| ০৭ | কৃষি বিপনন লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনা। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জয়পুরহাট জানান যে, কৃষি বিপনন হতে লাইসেন্স প্রদান করার ফলে সার, বালাইনাশক ও বীজ যোগান, বিক্রি এবং মনিটরিং জটিলতার সৃষ্টি হচ্ছে। সভায় সার, বালাইনাশক ও বীজ এর লাইসেন্স প্রদান ও নবায়ন বন্ধ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। |
| ০৮ | বিসিআইসি ডিলারের মৃত্যুজনিত কারনে মালিকানা পরিবর্তন প্রসংগে। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জয়পুরহাট জানান যে, সদর উপজেলায় ০১ জন ও কালাই উপজেলায় ০১ জন ডিলার মৃত্যুজনিত কারনে তাদের বরাদ্দকৃত সার পার্শ্ববর্তী ডিলারের বরাদ্দের সাথে সংযুক্ত করে সার বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসারগণও আলোচনায় অংশগ্রহণ করেন। |

**উপর্যুক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্ন বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১ | ডিলারদের সার বরাদ্দের বিপরীতে উত্তোলন এবং কৃষক পর্যায়ে বিতরণ সুষ্ঠুভাবে মনিটরিং করতে হবে। সেইসাথে মাসের বরাদ্দের সার মাসেই উত্তোলন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>খ। উপজেলা কৃষি অফিসার (সকল)<br>গ। সংশ্লিষ্ট ডিলার (সকল) |
| ০২ | আগষ্ট-২০২৩ মাসের বরাদ্দকৃত ইউরিয়া ও নন-ইউরিয়া সার নির্দিষ্ট সময়ের মধ্যে উত্তোলনের জন্য টাকা জমাদান এবং সার উত্তোলনসহ নির্ধারিত এসাইনকৃত বিক্রয় কেন্দ্রে সার পৌঁছানো নিশ্চিত করতে হবে। এ সংক্রান্ত বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ক। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>খ। উপজেলা কৃষি অফিসার (সকল)<br>গ। সংশ্লিষ্ট ডিলার (সকল) |
| ০৩ | সার উত্তোলনের জন্য টাকা জমা প্রদান নির্ধারিত তারিখের মধ্যে নিশ্চিত করতে হবে। ডিলার পর্যায়ে দ্রুত সার উত্তোলন করে সারের মজুত বৃদ্ধি করতে হবে। এ সংক্রান্ত বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। নীতিমালা অনুযায়ী সার উত্তোলন ও বিতরণ করতে কোন ডিলার ব্যর্থ হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী নিয়মিত জেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ক। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>খ। উপজেলা কৃষি অফিসার (সকল)<br>গ। বাফার ইনর্চাজ, জয়পুরহাট<br>ঘ। সংশ্লিষ্ট ডিলার (সকল) |
| ০৪ | খরিফ-২/২০২৩-২৪ মৌসুমে সবজি বীজসহ অন্যান্য ফসলের বীজের স্বাভাবিক সরবরাহ নিশ্চিত করাসহ সঠিক মানের বীজ সঠিক মূল্যে সময়মত কৃষক যাতে পায় সে লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের মনিটরিং জোরদারকরণ সেই সাথে বীজ ডিলারগণ বীজ উত্তোলন করার সঙ্গে সঙ্গে উপজেলা কৃষি অফিসে আগমনী বার্তা প্রদান নিশ্চিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো। বিএডিসি বীজ ডিলারগণের বগুড়া গোডাউন হতে বীজ উত্তোলনের বিষয়টি সিনিয়র সহকারী পরিচালক (বীবি), বিএডিসি, জয়পুরহাট উপপরিচালক (বীবি), বিএডিসি, বগুড়ার সংগে উদ্ভুত পরিস্থিতির বিষয়ে আলোচনার মাধ্যমে সমাধান করার সিদ্ধান্ত গৃহীত হয়। ভেজাল নিয়ন্ত্রণে জেলা বীজ প্রত্যয়ন অফিসার, জয়পুরহাট ও সিনিয়র সহকারী পরিচালক (বী.বি.), বিএডিসি'র উদ্যোগে নিয়মিত বীজের দোকান পরিদর্শন এবং বীজ পরীক্ষার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। বীজ ডিলারের বাহিরে কেউ বীজ বিক্রয় করলে মোবাইল কোর্টের আওতায় এনে আইনানুগ ব্যবস্থা নেয়ার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ক। জেলা বীজ প্রত্যয়ন অফিসার, জয়পুরহাট<br>খ। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>গ। উপজেলা কৃষি অফিসার (সকল)<br>ঘ। সিনিয়র সহকারী পরিচালক (বী.বি.), বিএডিসি, জয়পুরহাট।<br>ঙ) সংশ্লিষ্ট বীজ ডিলার। |
| ০৫ | অত্যাবশকীয় কৃষি উপকরণ (সার, বীজ ও বালাইনাশক) ভেজাল, মেয়াদোত্তীর্ণ ও নকল প্রতিরোধে উপজেলা নির্বাহী অফিসারগণের সমন্বয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখা এবং কৃষি উপকরণের নমুনা নিয়মিত পরীক্ষা করার জন্য পরীক্ষাগারে প্রেরণ | ক। জেলা বীজ প্রত্যয়ন অফিসার, জয়পুরহাট<br>খ। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>গ। উপজেলা কৃষি অফিসার (সকল)<br>ঘ। সিনিয়র সহকারী পরিচালক (বী.বি.), |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| | করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হলো। সার ডিলারের বাহিরে কেউ সার বিক্রয় করলে এবং বিক্রয় রশিদ ছাড়া সার বিক্রয় করলে মোবাইল কোর্টের আওতায় এনে আইনানুগ ব্যবস্থা নেয়ার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | বিএডিসি, জয়পুরহাট। |
| ০৬ | বাফার গুদামে ইউরিয়া সারের মজুত বৃদ্ধি, সরবরাহ স্বাভাবিক রাখা ও ইউরিয়া সার বিতরণ পরিস্থিতি মনিটরিং অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ক। উপজেলা নির্বাহী অফিসার (সদর)<br>খ। উপজেলা কৃষি অফিসার (সদর)<br>গ। বাফার ইনর্চাজ, জয়পুরহাট। |
| ০৭ | কৃষি বিপনন অফিসার, জয়পুরহাট এর উপস্থিতিতে পরবর্তী সভায় আলোচনান্তে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, জয়পুরহাট |
| ০৮ | কোর্টের সাকসেশন সার্টিফিকেট না পাওয়া পর্যন্ত উক্ত ডিলারদের বরাদ্দকৃত সার পার্শ্ববর্তী ডিলারের বরাদ্দের সাথে সংযুক্ত করে সার বিতরণ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হলো এবং সাকসেশন সার্টিফিকেট দ্রুততম সময়ে সংগ্রহ ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ডিলারদের তাগিদা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ক। উপপরিচালক, ডিএই, জয়পুরহাট<br>খ। উপজেলা নির্বাহী অফিসার (সদর, কালাই)<br>গ। উপজেলা কৃষি অফিসার (সদর, কালাই)<br>ঘ। বাফার ইনর্চাজ, জয়পুরহাট। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/৮/২৩

(সালেহীন তানভীর গাজী)
জেলা প্রশাসক
জয়পুরহাট
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
উপপরিচালকেরকার্যালয়
কৃষিসম্প্রসারণঅধিদপ্তর
খামারবাড়ি, জয়পুরহাট
www.dae.joypurhat.gov.bd

Bangladesh

স্মারক নং-১২.১৭.৩৮০০.০৪১.০৬.৩১৪.১৭- ১২৫৫ (৪৫) তারিখ: ২৫/০৮/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় সংসদ সদস্য, জয়পুরহাট-১।
২। মাননীয় সংসদ সদস্য, জয়পুরহাট-২।
৩। সচিব,কৃষি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। সিনিয়র সচিব,শিল্প মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। চেয়ারম্যান,বিসিআইসি,বিসিআইসি ভবন,৩০-৩১ দিলকুশা বাণিজ্যিক এলাকা,ঢাকা।
৬। মহাপরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা।
৭। পরিচালক,সরেজমিন উইং,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৮। বিভাগীয় কমিশনার,রাজশাহী বিভাগ,রাজশাহী।
৯। অতিরিক্ত পরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,বগুড়া অঞ্চল,বগুড়া।
১০। জেলা প্রশাসক, জয়পুরহাট।
১১। পুলিশ সুপার, জয়পুরহাট।
১২। অধিনায়ক, ২০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জয়পুরহাট।
১৩। উপজেলা চেয়ারম্যান, জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই, জয়পুরহাট।
১৪। যুগ্ম পরিচালক, বিএডিসি (সার), বগুড়া।
১৫। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জয়পুরহাট।
১৬। জেলা মৎস্য কর্মকর্তা, জয়পুরহাট।
১৭। জেলা বীজ প্রত্যয়ন অফিসার, জয়পুরহাট।
১৮। উপপরিচালক, বিআরডিবি, জয়পুরহাট।
১৯। জেলা সমবায় কর্মকর্তা, জয়পুরহাট।
২০। কৃষি বিপণন কর্মকর্তা, জয়পুরহাট।
২১। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই, জয়পুরহাট।
২২। উপজেলা কৃষি কর্মকর্তা, জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই, জয়পুরহাট।
২৩। সিনিয়র সহকারী পরিচালক (বীজ বিপণন), বিএডিসি, জয়পুরহাট ।
২৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাফার গুদাম, জয়পুরহাট।
২৫। সভাপতি, বিএফএ, জয়পুরহাট জেলা শাখা।
২৬। সাধারণ সম্পাদক, বিএফএ, জয়পুরহাট জেলা শাখা।
২৭। সভাপতি, বিএডিসি বীজ ও সার ডিলার সমিতি, জয়পুরহাট।
২৮। সভাপতি, চেম্বার অব কমার্স, জয়পুরহাট।
২৯। সভাপতি, জয়পুরহাট প্রেস ক্লাব, জয়পুরহাট।
৩০। মোঃ এনামুল হক হেলাল, নির্বাহী সদস্য, বিএডিসি বীজ ও সার ডিলার সমিতি, জয়পুরহাট।
৩১। মোঃ আবু ছালাম মন্ডল, সভাপতি, বিএসএ, জয়পুরহাট।
৩২। মোঃ বেলাল হোসেন, সদস্য, বিএসএ, জয়পুরহাট।
৩৩। আলহাজ্ব সানোয়ার হোসেন, মনোনীত কৃষক প্রতিনিধি,পাঁচবিবি, জয়পুরহাট।
৩৪। আলহাজ্ব আব্দুল কাদের মন্ডল, মনোনীত কৃষক প্রতিনিধি, কালাই, জয়পুরহাট।
৩৫। অফিস নথি।

২৫/০৮/২৩
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, জয়পুরহাট ও
সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি

D:\mehedi\Mehedi\mehedi\জেলা সার ও বীজ মনিটরিং কমিটি' র সভার কার্যবিবরণী.docx